



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.২৫৯৭

তারিখ: ১৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

#### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরধীন ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও এর প্রধান শিক্ষক জনাব মোঃ মজিবুর রহমানগত ১৪.০১.২০২৪খ্রি. তারিখে বদলীজনিত কারণে বিদ্যালয়ের জ্যেষ্ঠ সিনিয়র শিক্ষক জনাব বিশ্বনাথ রায় গত ১৬.০১.২০২৪খ্রি. তারিখ হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব গ্রহণ করায় তাকে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

#### শর্তসমূহ:

- এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সিনিয়র শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

*দুর্গা রানী সিকদার*

২৭-০১-২০২৪  
দুর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.২৫৯৭/১ (৭)

তারিখ: ১৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, .....
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, .....
- ৪। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৫। প্রধান শিক্ষক, .....
- ৬। জনাব.....। এবং
- ৭। সংরক্ষণ নথি।



সকল সংযুক্তিসমূহ:

(১) মূল ডাক

দুর্গা রানী সিকদার

২৭-০১-২০২৪

দুর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১